তারিখ ২৩/০২/২০০৫
পৃষ্ঠা: ২ কলাম ৪

দৈনিক ইত্তেফাক

26

# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় হলের কক্ষ দখল নিয়া গোলাগুলী

চট্টগ্রাম অফিস ।। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের শাহ আমানত হলের ১টি কক্ষের দখলকে কেন্দ্র করিয়া ছাত্রলীগের দুই গ্রুপ আ,জ,ম নাসিরের সমর্থক ও মামুনুর রশীদ মামুনের সমর্থকদের মধ্যে গত শুক্রবার উত্তেজনা ছড়াইয়া পড়ে। এক পর্যায়ে রাত পৌনে ১১ টায় গোলাগুলী শুরু হয়। শাহজালাল হল হইতে ২ রাউন্ড গুলী বর্ষিত হইলে শাহ আমানত হল হইতে পাল্টা ৩ রাউন্ড গুলী ছোঁড়া হয়।